রেজিস্টার্ড নং ডি এ-১

# বাংলাদেশ গেজেট

অতিরিক্ত সংখ্যা

কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

সোমবার, নভেম্বর ২৩, ১৯৯৮

বাংলাদেশ জাতীয় সংসদ

ঢাকা, ২৩শে নভেম্বর, ১৯৯৮/৯ই অগ্রহায়ণ, ১৪০৫

সংসদ কর্তৃক গৃহীত নিম্নলিখিত আইনগুলি ২৩শে নভেম্বর, ১৯৯৮ (৯ই অগ্রহায়ণ, ১৪০৫) তারিখে রাষ্ট্রপতির সম্মতি লাভ করিয়াছে এবং এতদ্দ্বারা এই আইনগুলি সর্বসাধারণের অবগতির জন্য প্রকাশ করা যাইতেছে :—

## ১৯৯৮ সনের ১৭ নং আইন

## University Grants Commission of Bangladesh Order, 1973 এর সংশোধনকল্পে প্রণীত আইন

যেহেতু নিম্নবর্ণিত উদ্দেশ্যসমূহ পূরণকল্পে University Grants Commission of Bangladesh Order, 1973 (P.O. No. 10 of 1973) এর সংশোধন সমীচীন ও প্রয়োজনীয়;

সেহেতু এতদ্দ্বারা নিম্নরূপ আইন করা হইল :—

১। সংক্ষিপ্ত শিরোনাম।—এই আইন The University Grants Commission of Bangladesh (Amendment) Act, 1998 নামে অভিহিত হইবে।

২। **P. O. No. 10 of 1973 এর Article 4 এর সংশোধন।**—University Grants Commission of Bangladesh Order, 1973 (P. O. No. 10 of 1973), অতঃপর উক্ত Order বলিয়া উল্লিখিত, এর Article 4 এর clause (1) এর sub-clause (b) এর পরিবর্তে নিম্নরূপ sub-clause (b) প্রতিস্থাপিত হইবে, যথা :—

"(b) at least two, but not exceeding five, as may be determined by the Government, other members to be appointed by the Government,"।



মূল্য : টাকা ২.০০

৩। **P. O. No. 10 of 1973 এর Article 6 এর সংশোধন।**—উক্ত Order এর Article 6 এর clause (3) এর পরিবর্তে নিম্নরূপ clause (3) প্রতিস্থাপিত হইবে, যথা :—

"(3) To constitute a quorum at a meeting of the Commission, not less than one-third of the total number of members, including one full-time member, shall be present."।

---

## ১৯৯৮ সনের ১৮ নং আইন

## International Financial Organisations Order, 1972 এর অধিকতর সংশোধনকল্পে প্রণীত আইন

যেহেতু নিম্নবর্ণিত উদ্দেশ্যসমূহ পূরণকল্পে International Financial Organisations Order, 1972 (P.O. No. 86 of 1972) এর অধিকতর সংশোধন সমীচীন ও প্রয়োজনীয়;

সেহেতু এতদ্দ্বারা নিম্নরূপ আইন করা হইল :—

১। **সংক্ষিপ্ত শিরোনামা।**—এই আইন The International Financial Organisations (Amendment) Act, 1998 নামে অভিহিত হইবে।

২। **P. O. No. 86 of 1972 তে নূতন Article 3A এর সন্নিবেশ।**—International Financial Organisations Order, 1972 (P. O. No. 86 of 1972), অতঃপর উক্ত Order বলিয়া উল্লিখিত, এর Article 3 এর পর নিম্নরূপ নূতন Article 3A সন্নিবেশিত হইবে, যথা :—

"3A. The Government may accept, with or without any condition, wholly or in part, any proposal for—

(a) any amendment to the Fund Agreement, the Bank Agreement or the Association Agreement; and

(b) an increase, where occasion arises, in the quota of Bangladesh in the Fund."।

৩। **P. O. No. 86 of 1972 এর Articles 4A এবং 4B এর বিলোপ।**—উক্ত Order এর Articles 4A এবং 4B বিলুপ্ত হইবে।

---

## ১৯৯৮ সনের ১৯ নং আইন

## Supreme Court Judges (Remuneration and Privileges) Ordinance, 1978 এর অধিকতর সংশোধনকল্পে প্রণীত আইন

যেহেতু নিম্নবর্ণিত উদ্দেশ্যসমূহ পূরণকল্পে Supreme Court Judges (Remuneration and Privileges) Ordinance, 1978 (XI of 1978) এর অধিকতর সংশোধন সমীচীন ও প্রয়োজনীয়;

সেহেতু এতদ্দ্বারা নিম্নরূপ আইন করা হইল :—

১। **সংক্ষিপ্ত শিরোনামা ও প্রবর্তন।**—(১) এই আইন The Supreme Court Judges (Remuneration and Privileges) (Amendment) Act, 1998 নামে অভিহিত হইবে।

(২) ইহা ১লা জুলাই, ১৯৯৭ তারিখে বলবৎ হইয়াছে বলিয়া গণ্য হইবে।

২। Ord. No XI of 1978 এর section 3 এর সংশোধন।—Supreme Court Judges (Remuneration & Privileges) Ordinance, 1978 (XI of 1978), অতঃপর উক্ত Ordinance বলিয়া উল্লিখিত, এর section 3 এর sub-section (1)-এ "14,080", "13,200" এবং "12,650", সংখ্যাগুলির পরিবর্তে যথাক্রমে "21,000", "20,000" এবং "18,500" সংখ্যাগুলি প্রতিস্থাপিত হইবে।

৩। বিশেষ বিধান।—অন্য কোন আইনে যাহা কিছুই থাকুক না কেন, এই আইন দ্বারা উক্ত Ordinance এর সংশোধন সত্ত্বেও ১লা জুলাই, ১৯৯৭ হইতে ৩০শে জুন, ১৯৯৮ পর্যন্ত সময়ের জন্য প্রধান বিচারপতি, আপীল বিভাগের বিচারক এবং হাইকোর্ট বিভাগের বিচারক মাসিক যথাক্রমে ১৮,৩০০, ১৭,৩০০ এবং ১৬,২০০ টাকা হারে বেতন পাইবার অধিকারী হইবেন।

কাজী মুহম্মদ মনজুরে মওলা
সচিব।

মুহাম্মদ রবিউল ইসলাম, উপ-নিয়ন্ত্রক, বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, ঢাকা কর্তৃক মুদ্রিত।
মোঃ আমিন জুবেরী আলম, উপ-নিয়ন্ত্রক, বাংলাদেশ ফরমস্ ও প্রকাশনী অফিস,
তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত।